

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৮৪

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৫. দিতীয় অনুচ্ছেদ - সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ

আরবী

رَعَنْ

عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ رَأَى عَوْرَةً فَسَتَرَهَا كَانَ كَمَنْ أَحْيَا مؤودة» . رَوَاهُ أَحْمد وَالتِّرْمِذيّ وَصَحَحهُ

বাংলা

৪৯৮৪-[৩৮] 'উকবাহ্ ইবনু 'আমির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কোন মুসলিমের ত্রুটি দেখে, অতঃপর সেটা গোপন করে, তার সাওয়াব তার সমান হবে, যে জীবন্ত প্রোথিত কোন কন্যাকে বাঁচালো। [আহমাদ ও তিরমিযী; আর ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) একে সহীহ হাদীস বলেছেন।][1]

ফুটনোট

[1] য'ঈফ: আহমাদ ১৭৪৪৭, তিরমিয়ী (পাওয়া যায়নি), আবূ দাউদ ৪৮৯১, য'ঈফাহ্ ১২৬৫, য'ঈফ আল আদাবুল মুফরাদ ১১৫, য'ঈফুল জামি'উস্ সগীর ৫৫৯০, মা'রিফাতিস সুনান ওয়াল আসার ৫৫০৭।

হাদীসটির সানাদ য'ঈফ হওয়ার কারণে হাদীসটি য'ঈফ। এর সনদে 'উকবার মুক্তদাস ''আবুল হায়সাম'' নামের বর্ণনাকারীকে চেনা যায় না। যেমনটি ইমাম যাহাবী বর্ণনা করেছেন। হিদায়াতুর্ রুওয়াত 8/৪৩০ পৃঃ, য'ঈফাহ্ ১২৬৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ 'আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ যে ব্যক্তি তার মুসলিম ভাইয়ের কোন ক্রটি দেখবে অথবা অসম্মানজনক কোন কাজ দেখবে আর সেটা সে গোপন করে রাখবে যেন সে তাকে জীবিত করল। অর্থাৎ এ গোপন করে রাখার সাওয়াবটা এত বেশী যেন কাউকে সে জীবিত করার সওয়াব পেয়ে গেল। কুরআন মাজীদে



আল্লাহ তা'আলা রব্বুল 'আলামীন বলেছেন, "যে ব্যক্তি একটি আত্মাকে জীবিত করল যেন সে সারা পৃথিবীর মানুষকে জীবিত করল"- (সূরাহ্ আল মায়িদাহ্ ৫ : ৩২)। তবে যদি প্রকাশ করে দেয়াটা উত্তম হয় সেক্ষেত্রে প্রকাশ করে দেয়াটাও জরুরী হয়ে বসতে পারে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন